

ছোট মেয়েটি

আমার ছোট মেয়ের সঙ্গে আচমকা দেখা হল
 অচেনা বাবা মায়ের পাশে দাঁড়িয়ে,
 বিকেল পাঁচটায় বারাকপুর ইস্টিনে।

অসংখ্য তাবিজ ও পয়সার মধ্যখানে কালো সুতো দিয়ে
 কোমরে পরানো, আর একটি মোটা দড়ি সেখান থেকে
 একটু দূরে ভারি সস্তায় বাঁধা আছে।
 আর কিছু নেই আমার ছোট মেয়েটির শরীরে
 এই শীতের বিকেলে।
 হাতে একটি বাটি নিয়ে ভিক্ষে চাইছে।
 আমি প্রত্যেক শনিবারে একই দৃশ্য দেখতে দেখতে
 শুধু ভেবেছি আর ভেবেছি আকাশ - পাতাল।

একদিন আমার স্ত্রী বললেন, নিয়ে এসো মেয়েটিকে,
 জানি এসব আবেগের কথা।
 তবু অনেক সাহস সঞ্চয় করে কিছু টাকা, জামা নিয়ে
 যেদিন গেলাম, দেখি সে আর নেই।
 ঘরে যতবার নিজের মেয়েকে দেখি, কেবলি মনে হয়
 সে যেন আমাকে বলছে --- ভিক্ষে দাও।

আমি শুধু তার কথা ভেবে একটা কবিতা লিখে
 এই সভায় আপনাদের শোনাচ্ছি,
 এমনি অমানুষ স্বার্থপর কবি আমি।

বিপ্ব ঘোষ

